

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০১০.১৩- ২০৬৯

তারিখঃ ২৬/১২/২০১৭ খ্রি

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরধীন উপজেলা কার্যালয়ের আওতায় পরিচালিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের আওতায় প্রান্তিক যুবমহিলা ও সুবিধা বঞ্চিত যুবদের প্রশিক্ষণ (নারীর ক্ষমতায়ন বিষয়ক) পরিচালনার জন্য ইতোমধ্যে সকল উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়েছে। কোর্সটির বিষয়বস্তু অনুযায়ী উপর্যুক্ত রিসোর্স পার্সন এর মাধ্যমে পরিচালনা করা এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের নামের তালিকা, রিসোর্স পার্সনের নাম, কোন বিষয়বস্তুর উপর প্রশিক্ষণ প্রদান করেছেন তার নাম এবং প্রশিক্ষণের ছবিসহ বিস্তারিত উল্লেখপূর্বক প্রতিবেদন প্রশিক্ষণ শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নারীর ক্ষমতায়ন বিষয়ক ক্লাশের শিরোনামঃ

- ক) নারীর অধিকার এবং বর্তমান সরকারের নারীবাদ্য আইন সম্পর্কে ধারণা প্রদান।
- খ) নারীর সুস্বাস্থ্য, পুষ্টি এবং নিরাপদ মাতৃ ও শিশু পুষ্টি বিষয়ক ধারণা।
- গ) নারী শিক্ষার গুরুত্ব ও অগ্রাধিকার।
- ঘ) বাল্য বিবাহ, যৌতুক বিরোধী সচেতনতা, পরিবার পরিকল্পনা বিষয়ক সচেতনতা।
- ঙ) নারী নির্যাতন রোধে আইনি সহায়তা পাওয়ার ক্ষেত্র ও অধিকার।
- চ) অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীদের সম্পৃক্ততার গুরুত্ব।
- ছ) নারী নেতৃত্ব উন্নয়ন ও
- জ) সার্বিক যুব কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান
 - যুব ও যুবমহিলাদের সংজ্ঞা।
 - যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম।
 - প্রশিক্ষণ ও ঋণ সুবিধা।

০২। মেট্রোপলিটন থানা/উপজেলা কার্যালয়ের আওতায় পরিচালিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের প্রেরিত বরাদ্দ ও নীতিমালা অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যাচ সংখ্যা বৃদ্ধি করা হবে।

(মোঃ জাহাঙ্গীর আলম
পরিচালক(প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর

..... উপজেলা/থানা
.....(সকল) জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০১০.১৩- ২০৬৯

তারিখঃ ২৬/১২/২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,(সকল) জেলা। তাঁর আওতাধীন উপজেলাসমূহে আয়োজিত প্রান্তিক যুবমহিলা ও সুবিধা বঞ্চিত যুবদের প্রশিক্ষণ প্রেরিত বিষয়বস্তু অনুযায়ী সঠিকভাবে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে কিনা তা তদারকি করার জন্য অনুরোধ করা হলো।
- ০৩। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। অফিস নথি।

(চামুন্না ব্যানার্জী)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৯৫৬৭৭৭১